

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
সরকারি মাধ্যমিক-৩  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
[www.shed.gov.bd](http://www.shed.gov.bd)

নং-৩৭.০০.০০০০.০৭১.২২.৬০৩.১৮-৮০৩


তারিখ : ১৪ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ  
২৮ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

**বিষয়: “সৃজনশীল মেধা অন্বেষণ-২০১৮” পুরস্কার বিতরণী অনুষ্ঠানে উপস্থিত থাকা সংক্রান্ত।**

আনন্দের সাথে জানাচ্ছি যে, আগামী ০৮, জুলাই ২০১৮ তারিখ সকাল ১০.০০ টায় প্রধানমন্ত্রীর কার্যালয় (তেজগাঁও, ঢাকা) এর শাপলা হলে সৃজনশীল মেধা অন্বেষণ ২০১৮ এর সেরা মেধাবীদের পুরস্কার প্রদান করা হবে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকতে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। জাতীয় পর্যায়ে অংশগ্রহণকারী ১০৮ জনকে উক্ত অনুষ্ঠানে উপস্থিত থাকতে হবে। অনুষ্ঠান শুরুর কমপক্ষে ১ ঘণ্টা পূর্বে নিজ নিজ শিক্ষা প্রতিষ্ঠানের ইউনিফর্ম পরিহিত অবস্থায় প্রধানমন্ত্রীর কার্যালয়ের শাপলা হলে প্রবেশ করতে হবে। সকল মেধাবীদেরকে আগামী ৭ই জুলাই ২০১৮ তারিখে সকাল ১০.০০ টায় মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের শারীরিক শিক্ষা বিভাগে রিপোর্ট করতে হবে।

উল্লেখ্য, এ উপলক্ষে আগামী ৭ই জুলাই ২০১৮ তারিখে বিকাল ৩.০০ টায় প্রধানমন্ত্রীর কার্যালয় শাপলা হলে একটি মহড়ার আয়োজন করা হয়েছে। ১২ জন সেরা মেধাবীকে উক্ত মহড়ায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে। এ কারণে তাদেরকে আগামী ৬ জুলাই, ২০১৮ এর মধ্যে ঢাকায় পৌঁছতে হবে।

কোন জরুরী প্রয়োজনে আবদুস সালাম, সহকারী পরিচালক (শারীরিক শিক্ষা) মোবাইল নং- ০১৯৭৬৬৪৫৬৬৯ নম্বরে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

  
(লুৎফুন নাহার)  
উপসচিব  
ফোন : ৯৫৪৬৫১৪

উপপরিচালক

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা

ঢাকা/রাজশাহী/কুমিল্লা/খুলনা/চট্টগ্রাম/সিলেট/বরিশাল/রংপুর/ ময়মনসিংহ।

**অনুলিপি সদয় অবগতির জন্য:**

- ১। প্রধানমন্ত্রীর সহকারী একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সদস্য-সচিব, জাতীয় স্টিয়ারিং কমিটি ও পরিচালক (প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
[ শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ ]
- ৬। অতিরিক্ত সচিব (মাধ্যমিক) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।